



ট্রান্সপারেন্সি
ইন্টারন্যাশনাল
বাংলাদেশ

দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

সচেতন নাগরিক কমিটি(সনাক)-রাঙ্গামাটি

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)

রাজবাড়ী এলাকা (রানী দয়াময়ী স্কুলের বিপরীতে), রাঙ্গামাটি-৪৫০০

মোবাইল : ০১৭৩০৭২৬৭২৯

ইমেইল : ccc.rangamati@ti-bangladesh.org

স্মারক নং: সনাক-রাঙ্গামাটি/প্যাকট/২০২০-১১৫

তারিখ: ০৫/০৩/২০২৩

প্রাপক

অবাক

রাঙ্গামাটি সরকারি কলেজ

রাঙ্গামাটি পর্বত জেলা।

বিষয়: জেলা প্রশাসন, রাঙ্গামাটি ও সচেতন নাগরিক কমিটি (সনাক) আয়োজিত তথ্যমেলায় সকাল ১১.৩০ টায় ছাত্র ছাত্রীদের মেলায় উপস্থিত হওয়ার আমন্ত্রণ।

প্রিয় মহোদর,

সচেতন নাগরিক কমিটি (সনাক), রাঙ্গামাটি এবং ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)-এর পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা।

২৯ মার্চ ২০০৯ মহান জাতীয় সংসদে তথ্য অধিকার আইন পাস হয় এবং ১ জুলাই ২০০৯ থেকে তথ্য প্রাপ্তির অনুরোধ, আপীল ও তথ্য কমিশনে অভিযোগসহ সংশ্লিষ্ট বিষয়গুলো কার্যকর হয়। তথ্য অধিকার আইন বাস্তবায়নের মাধ্যমে আইনভুক্ত সকল সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি ও দুর্নীতি হ্রাস পাবে এবং সুশাসন প্রতিষ্ঠিত হবে। এ কারণেই বর্তমান সরকার তথ্য অধিকার আইন ২০০৯ বাস্তবায়নের জন্য সর্বাধিক গুরুত্ব আরোপ করেছে এবং এর বাস্তবায়নে বহুমুখী কার্যক্রম গ্রহণ করেছে। তথ্য অধিকার আইনের বাস্তবায়ন ও আইনটিকে ব্যাপক জনমুখী করার জন্য ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) এবং স্থানীয় পর্যায়ে সচেতন নাগরিক কমিটি (সনাক), রাঙ্গামাটি ২০১০ সাল থেকেই বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করে আসছে।

তারই ধারাবাহিকতায় জেলা প্রশাসন, রাঙ্গামাটি ও সচেতন নাগরিক কমিটি (সনাক), রাঙ্গামাটি- এর যৌথ আয়োজনে এবং টিআইবির সহযোগিতায় বিভিন্ন সরকারি-বেসরকারি সেবাদানকারী প্রতিষ্ঠানের অংশগ্রহণে আগামী ১৩ মার্চ ২০২৩ (সোমবার) কুমার সুমিত রায় জিমনেসিয়াম মাঠ প্রাঙ্গণে দিনব্যাপী (সকাল ৯টা থেকে রাত ৭টা পর্যন্ত) 'তথ্য মেলা' আয়োজন করা হয়েছে।

মেলায় ছাত্র ছাত্রীদের সকাল ১১.৩০ টায় পরিদর্শনের আমন্ত্রণ জানাচ্ছি। ধন্যবাদ।

(অমলিকা বীসা)

সভাপতি

সচেতন নাগরিক কমিটি (সনাক), রাঙ্গামাটি।

উল্লেখ্য, মেলায় তথ্য অধিকার আইন ২০০৯ ও এর বাস্তবায়ন সম্পর্কে আগত জনসাধারণকে ধারণা প্রদান ও কুইজ প্রতিযোগিতা করা হবে।

অনুলিপি:

১। অফিস কপি।